

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৮৭/২০১৬

অভিযোগকারী :	১) মোঃ শফিকুল ইসলাম ভূইয়া (সাংবাদিক) পিতা : মোঃ আব্বাস আলী ভূইয়া	প্রতিপক্ষ :	জনাব কাজী আসাদুজ্জামান উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) স্থানীয় সরকার বিভাগ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা -১০০০ ।
	২) আব্দুল্লাহ আল মামুন (দৈনিক খবর পত্র) পিতাঃ তমিজ উদ্দিন ৮২ শাহজাহানপুর, ঢাকা ।		

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ৩১-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ২৬-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব আখতার হোসেন, যুগ্ম-সচিব-১ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রশাসন শাখা-১ স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১। ইউনিয়ন পরিষদ আওতাধীন এলাকায় ইমারত ভবন নকশা অনুমোদনের এখতিয়ার ইউনিয়ন পরিষদের আছে কিনা? ইউনিয়ন পরিষদ কর্তৃক ইমারত নকশা অনুমোদনের এখতিয়ার থাকলে তার সপক্ষে আইন/অধ্যাদেশ/গেজেট/বিধি/নীতিমালা/পরিপত্র ।
- ২) ইউপি কর্তৃক কত তলা ইমারত ভবনের নকশা অনুমোদনের এখতিয়ার আছে। কতজন সদস্য নিয়ে ইউনিয়ন পরিষদের নকশা অনুমোদনের কমিটি গঠিত তাদের পদবী ।
- ৩) ২০০৮ সালের ইমারত নির্মাণ বিধিমালা জারির পূর্বে ইউপি কর্তৃক ইমারত নকশা অনুমোদনের এখতিয়ার ছিল কি না ?
- ২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বদলি হওয়ায় আবেদন পত্র ফেরত আসে। অভিযোগকারীদ্বয় পুনরায় ০২-০২-২০১৬ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে একই তথ্য চেয়ে আবেদন করেন। সে আবেদন পত্রটিও গ্রহণ না করায় ফেরত আসে। পরবর্তীতে অভিযোগকারী ২৯-০২-২০১৬ তারিখে জনাব আব্দুল মালেক, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৪-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। গত ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী হাজির, কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির থাকায় ৩১-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রতি সমন জারী করা হয়।

৫। অদ্য ৩১-০৫-২০১৬ তারিখে শুনানীতে অভিযোগকারী গরহাজির, কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি।

৬। প্রতিপক্ষ জনাব কাজী আসাদুজ্জামান, উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত সকল তথ্য সরবরাহ করার জন্য প্রস্তুত করা হয়েছে। অদ্য শুনানীতে ০১ নং ক্রমিক উল্লিখিত অভিযোগকারীর যাচিত সকল তথ্য সাথে নিয়ে এসেছেন। কমিশনে নির্দেশনা অনুযায়ী তিনি অভিযোগকারীকে সকল তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে প্রার্থনা করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য, কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব কাজী আসাদুজ্জামান, উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০ কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার